দৈনিক বাংলা

তারিখ 14 OCT 1995
পৃষ্ঠা 7 কলাম ৬

31

## মেডিক্যাল ছাত্রছাত্রীদের বৃত্তির টাকা বৃদ্ধি

**স্টাফ রিপোর্টার ঃ** মেডিক্যাল ছাত্রছাত্রীদের পড়াশুনার সুবিধার্থে সরকার তাদের বৃত্তির টাকা বাড়িয়ে দিয়েছে। চলতি আর্থিক বছর থেকে এই সুবিধা

(৪–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## মেডিক্যাল

(প্রথম পৃষ্ঠার পর)

কার্যকর হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে ঃ নয়া সিদ্ধান্ত অনুযায়ী মেডিক্যাল ছাত্রছাত্রীদের জন্য শিক্ষা বোর্ডের ট্যালেন্টপুলের বৃত্তির (মেধাবৃত্তি) টাকা-প্রতিমাসে ৩শ' থেকে ৫শতে উন্নীত করা হয়েছে। একই সঙ্গে প্রতিমাসে ১শ' টাকা করে যে বৃত্তি (সাধারণ বৃত্তি) দেয়া হয় তা' ১৬০ টাকায় উন্নীত করা হয়েছে। তবে একই সঙ্গে কেউ বোর্ডের ও মন্ত্রণালয়ের বরাদ্দকৃত বৃত্তির টাকা পাবেন না– কেবলমাত্র একটি বৃত্তি উপভোগ করতে পারবেন।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, শিক্ষাবোর্ড আপাতত মেডিক্যালে অধ্যয়নরত শতকরা ৪০ ভাগ ছাত্রছাত্রীর বৃত্তির টাকা বাড়িয়ে দিয়েছে। পরবর্তীতে পর্যায়ক্রমে আরও বাড়ান হতে পারে।

উক্ত কর্মকর্তা আরও জানান, স্বাস্থ্য মন্ত্রণালয় মেডিক্যালে অধ্যয়নরত শতকরা ৬০ ভাগ ছাত্রছাত্রীর বৃত্তির টাকা বাড়িয়ে দিয়েছে।

উল্লেখ্য যে, বর্তমানে দেশে ১৩টি মেডিক্যাল কলেজে প্রায় ১৫শ' ছাত্রছাত্রী পড়াশুনা করছে। এর মধ্যে পুরানো ৮টি মেডিক্যাল কলেজে প্রায় ১২শ' এবং নতুন পাঁচটি মেডিক্যাল কলেজে আড়াই শ' ছাত্রছাত্রী পড়াশুনা করছে। নয়া ব্যবস্থায় এদের প্রায় সকলেই উপকৃত হবেন।